E-mail: dgmbcd@agranibank.org web: www.agranibank.org Telephone: 02223384188

অগ্রণী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা

Agrani Bank Limited

মুজিব শতবর্ষ MUJIB 100

ব্রাঞ্চ অ্যান্ড সাবসিডিয়ারিজ/ইউনিট কন্ট্রোল ডিভিশন
জীবন বীমা ভবন (৪র্থ তলা) ১০, দিলকুশা বা/এ, ঢাকা
পত্র নংঃ বিএসইউসিডি/শাখা- ৩/১৪৭৮/২০২৩
তারিখঃ ০৭-০৯-২০২৩

ব্যবস্থাপক
অগ্রণী ব্যাংক লিমিটেড
মৌচাক শাখা
ঢাকা।

বিষয় : ''তথ্য অধিকার আইন ২০০৯ ও এর বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ'' বিষয়ক সভা আয়োজন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

এ ব্যাংকের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নে ''তথ্য অধিকার আইন ও এর বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ'' বিষয়ে একটি সভা আয়োজন করা আবশ্যক যা আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সাথে অগ্রণী ব্যাংক লিমিটেড এর ২০২৩-২০২৪ অর্থ বছরে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর অন্তর্ভুক্ত। সে প্রেক্ষিতে সম্মানিত গ্রাহক ও সুধীজনদের অংশগ্রহণে আপনার শাখার অভ্যন্তরে আগামী ১১-০৯-২০২৩ ইং তারিখ, সোমবার বিকাল ৩.৩০ ঘটিকায় উল্লিখিত বিষয়ে একটি সভা আয়োজন ও উক্ত সভায় অংশগ্রহণের জন্য সম্মানিত গ্রাহক ও সুধীজনদের অবহিত করা প্রয়োজন।

এমতাবস্থায়, আপনার শাখার অভ্যন্তরে ১১-০৯-২০২৩ ইং তারিখ, সোমবার বিকাল ৩.৩০ ঘটিকায় ''তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ'' বিষয়ে সভার আয়োজন এবং উক্ত সভায় অংশগ্রহণের জন্য সম্মানিত গ্রাহক ও সুধীজনদের অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত

(মো: আবু বককর সিদ্দিক)
উপ-মহাব্যবস্থাপক

বিতরণ ঃ(সদয় অবগতির জন্য)

০১। ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মহোদয়ের সচিবালয়, অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। উপ-ব্যবস্থাপনা পরিচালক-৪ মহোদয়ের সচিবালয়, অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। মহাব্যবস্থাপক (বিএসইউসিডি), অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। উপ-মহাব্যবস্থাপক ও অঞ্চল প্রধান, অগ্রণী ব্যাংক লিমিটেড, ঢাকা উত্তর অঞ্চল, ঢাকা।
০৬। অফিস কপি।

অগ্রণী ব্যাংক লিমিটেড

মৌচাক শাখা, ঢাকা।

ই-মেইল: br9649@bangla.net ফোন: ০১৭১৩২৫৩৯৬৪

তারিখ: ১০-০৯-২০২৩

সভার নোটিশ

অগ্রণী ব্যাংক লিমিটেড, মৌচাক শাখা, ঢাকা এর কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নে "তথ্য অধিকার আইন ২০০৯ এর বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ" শিরোনামে একটি সভা সম্মানিত গ্রাহক ও সুধীজনদের অংশগ্রহণে এ শাখার অভ্যন্তরে আগামী ১১-০৯-২০২৩ তারিখ রোজ সোমবার বিকাল ৩.৩০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। সভায় প্রধান কার্যালয়ের নির্বাহী ও কর্মকর্তাগণ উপস্থিত থাকবেন। উক্ত সভায় সম্মানিত গ্রাহক ও সুধীজনদের উপস্থিতি একান্তভাবে কামনা করা হলো।

অনুরোধক্রমে,

10.09.23

ব্যবস্থাপক

অগ্রণী ব্যাংক লিমিটেড

মৌচাক শাখা, ঢাকা।

Mohammad Jahangir Alam
S.P.O/Manager
Agrani Bank Limited
Mouchak Branch,Dhaka

অগ্রণী ব্যাংক লিমিটেড
ব্রাঞ্চ এ্যান্ড সাবসিডিয়ারিজ/ ইউনিট কন্ট্রোল ডিভিশন
প্রধান কার্যালয়, ঢাকা।

বিষয় ঃ অগ্রণী ব্যাংক লিমিটেড, মৌচাক শাখা, ঢাকায় অনুষ্ঠিত ''তথ্য অধিকার আইন ২০০৯ ও এর বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ" বিষয়ক সভা এর কার্যবিবরণী।

স্থান	ঃ	অগ্রণী ব্যাংক লিমিটেড, মৌচাক শাখা, ঢাকা।
তারিখ ও সময়	ঃ	১১-০৯-২০২৩, সোমবার, বিকাল ৩.৩০ ঘটিকা।
প্রধান অতিথি	ঃ	জনাব আবু বককর সিদ্দিক, উপ-মহাব্যবস্থাপক ও তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, অগ্রণী ব্যাংক লিমিটেড, বিএসইউসিডি, প্রধান কার্যালয়, ঢাকা।
বিশেষ অতিথি	ঃ	জনাব আসমা জামান, সহকারী মহাব্যবস্থাপক, বিএসইউসিডি, প্রধান কার্যালয়, ঢাকা।
সভাপতি	ঃ	জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম, সিনিয়র প্রিন্সিপাল অফিসার/ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিমিটেড, মৌচাক শাখা, ঢাকা।

"তথ্য আমার অধিকার, জনতে হবে সবার" এই শ্লোগান কে সামনে রেখে অগ্রণী ব্যাংক লিমিটেড, মৌচাক শাখা, ঢাকা এর কর্মকান্ড পরিচালনার ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে তথ্য অধিকার বিষয়ক বার্ষিক কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী অগ্রণী ব্যাংক লিমিটেড, মৌচাক শাখা, ঢাকা এর সম্মানিত গ্রাহক ও সুধীজনদের অংশগ্রহণে ''তথ্য অধিকার আইন ২০০৯ এর বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ" বিষয়ক সভা অনুষ্ঠিত হয়। সভায় সম্মানিত গ্রাহক, সুধীজন ও এ ব্যাংকের নির্বাহী/কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

সভার আলোচ্যসূচীঃ

(ক) তথ্য অধিকার আইন-২০০৯ সম্পর্কে মৌলিক আলোচনা।

(খ) এ আইনের আলোকে গ্রাহকের অধিকার ও ব্যাংকের গৃহীত পদক্ষেপ।

(গ) অন্যান্য।

আলোচনাঃ

১। অগ্রণী ব্যাংক লিমিটেড, মৌচাক শাখা, ঢাকা এর সিনিয়র প্রিন্সিপাল অফিসার/ব্যবস্থাপক মোহাম্মদ জাহাঙ্গীর আলম সভায় সভাপতির দায়িত্ব পালন করেন। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী নাগরিকগণকে তাদের তথ্য পাওয়ার অধিকার সম্পর্কে সচেতন হতে হবে এবং অগ্রণী ব্যাংক লিমিটেড, মৌচাক শাখার সম্মানিত গ্রাহকগণকে তাদের অধিকার সম্পর্কে সচেতন করার লক্ষ্যেই আজকের এই সভার আয়োজন। তিনি তথ্য অধিকার সম্পর্কিত জনপ্রিয় শ্লেগান "তথ্যে পাবে জনগন, তথ্যে সবার উন্নয়ন" উল্লেখ করেন।

চলমান পাতা-০২

বিষয় ঃ অগ্রণী ব্যাংক লিমিটেড, মৌচাক শাখা, ঢাকায় অনুষ্ঠিত ''তথ্য অধিকার আইন ২০০৯ ও এর বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ" বিষয়ক সভা এর কার্যবিবরণী।

এরপর তিনি অনুষ্ঠানের প্রধান অতিথি ও উপ-মহাব্যবস্থাপক জনাব মো: আবু বককর সিদ্দিক এবং বিশেষ অতিথি ও সহকারী মহাব্যবস্থাপক আসমা জামান কে উপস্থিত সকলের সঙ্গে পরিচয় করিয়ে দেন এবং তাদেরকে ধন্যবাদ জানান।

২। অনুষ্ঠানের এ পর্যায়ে সভার মাননীয় সভাপতির অনুমতিক্রমে অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা'র সিনিয়র প্রিন্সিপাল অফিসার জনাব মোঃ মাহ্ফুজুল হক সরকার তথ্য অধিকার আইন ২০০৯ এর বিষয়বস্তু এবং উক্ত আইনের বিপরীতে এ ব্যাংকের গৃহীত পদক্ষেপ সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন এই আইনের প্রধান লক্ষ্য হচ্ছে তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিতকরণ এবং নাগরিকদের তথ্য লাভের অধিকার প্রতিষ্ঠা করা। এর মাধ্যমে শৃংখলা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা করা সম্ভব বলেও তিনি তাঁর বক্তব্যে উল্লেখ করেন।

৩। বিশেষ অতিথির বক্তব্যে অগ্রণী ব্যাংক লিমিটেড, ব্রাঞ্চ এন্ড সাবসিডিয়ারিজ/ ইউনিট কন্ট্রোল ডিভিশন, প্রধান কার্যালয় এর সহকারী মহাব্যবস্থাপক জনাব আসমা জামান তথ্য অধিকার আইন-২০০৯ এর বিধিবিধান সম্পর্কে আলোচনা করেন। তিনি বলেন তথ্য অধিকার আইন ২০০৯ এর ধারা-৪ অনুযায়ী সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে প্রত্যেক নাগরিকের তথ্য লাভের অধিকার রয়েছে এবং কোন নাগরিকের অনুরোধের প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাঁকে তথ্য সরবরাহ করিতে বাধ্য থাকবে। বিশেষ অতিথির বক্তব্যের এ পর্যায়ে একজন গ্রাহক প্রশ্ন করেন যে, তিনি ব্যাংকে গিয়ে তার ভাইয়ের ব্যাংক হিসাবের তথ্য জানতে চান তবে ব্যাংক কর্তৃক তা সরবরাহ করা হয়নি। এটি তথ্য অধিকার আইনের ব্যত্যয় কিনা? গ্রাহকের উক্ত প্রশ্নের জবাবে বিশেষ অতিথি জনাব আসমা জামান বলেন, ব্যাংকার বহি সাক্ষ্য আইন- ২০২১ অনুযায়ী গ্রাহকতথ্য প্রকাশের অনুমোদিত ক্ষেত্র, অনুমোদিত ব্যক্তি বা সংস্থা যেমন:দুদক, রাজস্ব বোর্ড, আদালত, বাংলাদেশ ফাইনান্সিয়াল ইনটেলিজেন্স ইউনিট ব্যতীত অন্য কাউকে গ্রাহক তথ্য প্রদান করা যাবেনা। তিনি এ আইনের অধীনে গ্রহকের অধিকার ও এ প্রেক্ষিতে ব্যাংকের গৃহীত পদক্ষেপ যেমন: সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন, ব্যাংক ওয়েব সাইট ও নোটিশ বোর্ডসহ উন্মুক্ত স্থানে তথ্য প্রদান সম্পর্কিত করণীয়, তথ্য প্রদানকারী কর্তৃপক্ষ, আপীল কর্তৃপক্ষ, ফোকাল পয়েন্ট, বিকল্প ফোকাল পয়েন্ট ইত্যাদি বাস্তবায়ন সম্পর্কে আলোকপাত করেন।

৪। সভার এ পর্যায়ে প্রধান অতিথি জনাব মো: আবু বককর সিদ্দিক, উপমহাব্যবস্থাপক, বিএসইউসিডি তাঁর বক্তব্য পেশ করেন। তিনি তাঁর আলোচনায় বলেন, তথ্য অধিকার আইন-২০০৯ প্রনয়ন এবং বাস্তবায়ন করা সরকারের জন্য একটি যুগান্তকারী পদক্ষেপ। এর মাধ্যমে প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ শৃঙ্খলা প্রতিষ্ঠা করা সম্ভব হবে। পাশাপাশি এর মাধ্যমে প্রতিষ্ঠানের সর্বক্ষেত্রে জবাবদিহিতা নিশ্চিত হবে। এরপর তিনি তথ্য অধিকার আইন-২০০৯ এর ধারা-৮ ও ধারা-৯ অনুযায়ী তথ্য প্রাপ্তির পদ্ধতি সম্পর্কে উপস্থিত সকলকে অবহিত করেন। এ আইনের চতুর্থ অধ্যায় অনুযায়ী তথ্য কমিশন গঠন সম্পর্কেও তিনি ধারনা প্রদান করেন।

চলমান পাতা-০৩

বিষয় ঃ অগ্রণী ব্যাংক লিমিটেড, মৌচাক শাখা, ঢাকায় অনুষ্ঠিত ''তথ্য অধিকার আইন ২০০৯ ও এর বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ'' বিষয়ক সভা এর কার্যবিবরণী।

সবশেষে তিনি সভায় উপস্থিত অগ্রণী ব্যাংকের সকল গ্রাহকবৃন্দকে সর্বদা অগ্রণী ব্যাংকের পাশে থাকার অনুরোধ জানিয়ে বক্তব্য শেষ করেন।

৫। প্রধান অতিথির বক্তব্যের পরে সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রাউফুল কামাল)
সিনিয়র অফিসার
বিএসইউসিডি, প্রধান কার্যালয়, ঢাকা।

(মোঃ মাহ্‌ফুজুল হক সরকার)
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
বিএসইউসিডি, প্রধান কার্যালয়, ঢাকা।

(মোহাম্মদ জাহাঙ্গীর আলম)
সিনিয়র প্রিন্সিপাল অফিসার/ব্যবস্থাপক
মৌচাক শাখা, ঢাকা।

(আসমা জামান)
সহকারী মহাব্যবস্থাপক
বিএসইউসিডি, প্রধান কার্যালয়, ঢাকা

(মোঃ আবু বককর সিদ্দিক)
উপ-মহাব্যবস্থাপক ও তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
অগ্রণী ব্যাংক লিমিটেড
বিএসইউসিডি, প্রধান কার্যালয়, ঢাকা।

বিতরণ ঃ

০১। ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মহোদয়ের সচিবালয়, অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। উপ-ব্যবস্থাপনা পরিচালক-৪ মহোদয়ের সচিবালয়, অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। মহাব্যবস্থাপক (বিএসইউসিডি) মহোদয়ের সচিবালয়, অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সিনিয়র প্রিন্সিপাল অফিসার/ ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিমিটেড, মৌচাক শাখা, ঢাকা।
০৫। অফিস কপি।